গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় শাখা
www.cabinet.gov.bd

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৫১৪.০২.০০০১.২৫.২৪৭

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ মে ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা।**

জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী জেলা প্রশাসক ও কমিশনারদের নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি বিশেষভাবে গুরুত্ব দেওয়ার জন্য দিকনির্দেশনা প্রদান করেন:

১। প্রশাসনিক কার্যক্রমে দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে;
২। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি অনুসরণপূর্বক প্রতিরোধমূলক ও দমনমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩। সকল উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং প্রকল্প বাস্তবায়নে আর্থিক শৃঙ্খলা বজায় রেখে গুণগত মান নিশ্চিতকল্পে কার্যকর তদারকি জোরদার করতে হবে;
৪। অপ্রয়োজনীয় প্রশাসনিক জটিলতা পরিহার করে দ্রুত, বাস্তবসম্মত ও জনস্বার্থসংশ্লিষ্ট সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;
৫। নিয়োগ, বদলি ও পদায়নে সততা, মেধা ও দক্ষতাকে একমাত্র মানদন্ড হিসেবে অনুসরণ করতে হবে;
৬। শূন্য পদসমূহ দ্রুত পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশাসনিক কার্যক্রম গ্রহণ করতে হবে;
৭। প্রশাসনিক কাঠামোর কার্যকারিতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকল্পে প্রয়োজনীয় সংস্কারমূলক উদ্যোগ গ্রহণ করতে হবে;
৮। প্রশাসনিক কার্যক্রমে কৃত্রিম বুদ্ধিমত্তা, অটোমেশন ও ডিজিটাল প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণ করতে হবে;
৯। সেবা প্রদান ব্যবস্থাকে সময়োপযোগী, দক্ষ, স্বচ্ছ ও জবাবদিহিমূলক করতে ডিজিটাল রূপান্তর ত্বরান্বিত করতে হবে;
১০। নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার তদারকি জোরদার করতে হবে;
১১। বাজারে মজুতদারি, কারসাজি ও কৃত্রিম সংকট সৃষ্টির বিরুদ্ধে নিয়মিত মনিটরিং, অভিযান এবং মোবাইল কোর্ট পরিচালনাসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১২। কৃষক পর্যায়ে উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১৩। কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সার, বীজ, সেচ, সংরক্ষণ ও বাজারজাতকরণ সুবিধা নিশ্চিত করতে হবে;
১৪। আইন লঙ্ঘনের ঘটনায় তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে;
১৫। জনগণের অভিযোগ দ্রুত নিষ্পত্তি ও প্রতিকার নিশ্চিত করতে হবে;
১৬। সরকারি সেবা প্রদান হয়রানিমুক্ত, বিলম্বমুক্ত ও স্বচ্ছ রাখতে কঠোর তদারকি নিশ্চিত করতে হবে;
১৭। মাদক নিয়ন্ত্রণে নিয়মিত অভিযান ও প্রতিরোধমূলক কার্যক্রম জোরদার করতে হবে;
১৮। বাল্যবিবাহ প্রতিরোধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে;
১৯। নারী ও শিশুনির্যাতন প্রতিরোধে জিরো টলারেন্স নীতি অনুসরণ করতে হবে;
২০। সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও কমিউনিটির মধ্যে সমন্বয় জোরদার করতে হবে;
২১। দেশীয় ও বৈদেশিক কর্মসংস্থান সৃষ্টিমূলক সরকারি উদ্যোগসমূহ কার্যকরভাবে বাস্তবায়ন করতে হবে;
২২। তরুণদের দক্ষতা উন্নয়ন, প্রযুক্তিনির্ভর প্রশিক্ষণ এবং উদ্যোক্তা উন্নয়ন কার্যক্রম জোরদার করতে হবে;
২৩। খেলাধুলা, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবামূলক কার্যক্রমে অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় পর্যায়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে;
২৪। জনকল্যাণমূলক কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল দপ্তরের মধ্যে সমন্বয় জোরদার করতে হবে।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনাসমূহ যথাযথ গুরুত্বের সাথে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৬-০৫-২০২৬
মোঃ মামুন
উপসচিব

ফোন : ২২৬৬৪১০৮৬
ফ্যাক্স : ৯৫৭৩৫৩৩
ইমেইল : faco_sec@cabinet.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। কমিশনার (সকল)।

২। জেলা প্রশাসক (সকল)।

৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৫১৪.০২.০০০১.২৫.২৪৭/১ (২)

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৬ মে ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ (তাঁর মন্ত্রণালয়/কার্যালয়/বিভাগের সাথে সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ মাঠ পর্যায়ের অফিসসমূহ কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করা হল)।।

২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

১৬-০৫-২০২৬
মোঃ মামুন
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

**স্মারক নম্বর:** ০৫.৪৬.৯১০০.০০০.০১০.৯৯.০০০১.২৬.৪২৩

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩ / ০১ জুলাই ২০২৬

বিষয়: **জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা সংক্রান্ত।**

উপর্যুক্ত পত্রের মর্মানুযায়ী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত দিকনির্দেশনাসমূহ স্ব স্ব অধিক্ষেত্রে যথাযথ গুরুত্বের সাথে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিসমূহঃ**

(১) 04_00_0000_000_514_02_0001_25_247-2026-05-16-1778947679

(২) ০৪.০০.০০০০.০০০.৫১৪.০২.০০০১.২৫.২৪৭ - জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয়

প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা।

০১-০৭-২০২৬
সাঈদা পারভীন
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট
ফোন : ০২৯৯৬৬৩২৪৬২
ইমেইল : adcgsylhet@mopa.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৩। পুলিশ সুপার, সিলেট।
৪। পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
৫। অধ্যক্ষ, ............................................................, সিলেট।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।
৭। সিভিল সার্জন, সিলেট।
৮। অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট।
৯। উপপরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, সিলেট।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মান বসম্পদ ব্যবস্থাপনা)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট।
১১। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, সিলেট।
১২। প্রকল্প পরিচালক, 'আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্প', মেন্দিবাগ, সিলেট।
১৩। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বন বিভাগ।
১৪। নির্বাহী প্রকৌশলী .............................................. (সকল), সিলেট।
১৫। পরিচালক/উপপরিচালক ..................................................................... (সকল), সিলেট।
১৬। প্রশাসক, ........................................উপজেলা পরিষদ (সকল), সিলেট।
১৭। জেলা .................................................................... কর্মকর্তা/ অফিসার, সিলেট।
১৮। উপজেলা নির্বাহী অফিসার, .....................................(সকল), সিলেট।
১৯। প্রশাসক, ,..............................,,,পৌরসভা (সকল), সিলেট।
২০। সহকারী কমিশনার (ভূমি)(সকল), সিলেট।
২১। জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, সিলেট।
২২। ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, ডেপুটি পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, সিলেট।
২৩। সিনিয়র জেল সুপার, সিলেট।
২৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট।
২৫। জেলা রেজিস্ট্রার, সিলেট।
২৬। সহকারী কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সিলেট।
২৭। সহকারী পরিচালক, .........................................(সকল), সিলেট।
২৮। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, সিলেট।
২৯। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সিলেট।
৩০। আবহাওয়াবিদ, সিলেট।
৩১। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, সিলেট।
৩২। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট।
৩৩। নিরাপদ খাদ্য অফিসার, সিলেট।
৩৪। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, সিলেট।

৩৫। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সাইট্রাস গবেষণা কেন্দ্র, জৈন্তাপুর, সিলেট।
৩৬। ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, সিলেট।
৩৭। সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
৩৮। স্টেশন ম্যানেজার, সিলেট রেলওয়ে স্টেশন, সিলেট।
৩৯। পারিনটেনডেন্ট, পিটিআই, সিলেট।
৪০। উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট।
৪১। প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সিলেট।
৪২। সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট।
৪৩। ইন্সট্রাক্টর, তাঁত প্রশিক্ষণ কেন্দ্র, বাংলাদেশ তাঁত বোর্ড, সিলেট।
৪৪। সহকারী জেনারেল ম্যানেজার, সাধারণ বীমা কর্পোরেশন, সিলেট জোন, সিলেট।
৪৫। উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক, ............................(সকল), সিলেট।
৪৬। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ১, ২, সিলেট।

**স্মারক নম্বর:** ০৫.৪৬.৯১০০.০০০.০১০.৯৯.০০০১.২৬.৪২৩/১ (১)

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩
০১ জুলাই ২০২৬

অনুলিপি:
সহকারী কমিশনার (গোপনীয়), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০১-০৭-২০২৬
সাঈদা পারভীন
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট